গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০০০.০৩১.১৬.০০১১.২৬-১০৪২

০৪ ভাদ্র ১৪৩৩
তারিখ: ----------
১৯ আগস্ট ২০২৬

বিষয়: জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) প্রণীত অভিন্ন কারিকুলাম অনুসরণপূর্বক দক্ষতা প্রশিক্ষণ পরিচালনা ও এনএসডিএ-এর মাধ্যমে অ্যাসেসমেন্ট এবং সনদায়ন সংক্রান্ত।

সূত্র: (১) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এর স্মারক নম্বর: ০৩.১৪.২৬৯২.০০০.৮৭৬.০৬.০০০৩.২৬-৯২৬; তারিখ: ০৯.০৮.২০২৬
(২) এ বিভাগ এর স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০০০.০৩১.১৬.০০১১.২৬-১০২০; তারিখ: ১৩.০৮.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) হলো প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একটি প্রতিষ্ঠান যার গভর্নিং বোর্ডের সভাপতি হচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং কার্যনির্বাহী কমিটির সভাপতি হচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব। গভর্নিং বোর্ডের ২য় সভার সিদ্ধান্তটি নিম্নরূপ

> সিদ্ধান্ত নম্বর ৩.১.০: সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত দক্ষতা প্রশিক্ষণের ক্ষেত্রে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ৬(১)(খ) অনুযায়ী এনএসডিএ প্রণীত অভিন্ন কারিকুলাম অনুসরণপূর্বক প্রশিক্ষণ পরিচালনা ও এনএসডিএ-এর মাধ্যমে অ্যাসেসমেন্ট এবং ৬(১)(চ) অনুযায়ী সনদায়ন হতে হবে।

০২। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) আইন, ২০১৮ ও গভর্নিং বোর্ড সভার সিদ্ধান্ত বিশ্লেষণ করলে দেখা যায় যে, এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক দক্ষতা প্রশিক্ষণের ক্ষেত্রে (রাজস্ব খাত ও উন্নয়ন খাতভূক্ত) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর প্রণীত অভিন্ন কারিকুলাম অনুসরণ করতে হবে, যা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর ওয়েবসাইটে রয়েছে। এছাড়া প্রশিক্ষণ অ্যাসেসমেন্ট ও সনদায়নের ক্ষেত্রেও জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)-কে অনুসরণ করতে হবে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এ বিভাগের সকল দপ্তর/সংস্থা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)-কে অনুসরণ করে দক্ষতা প্রশিক্ষণ পরিচালনা করছে না।

০৩। এমতাবস্থায়, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) প্রণীত অভিন্ন কারিকুলাম অনুসরণপূর্বক দক্ষতা প্রশিক্ষণ পরিচালনা ও এনএসডিএ-এর মাধ্যমে অ্যাসেসমেন্ট এবং সনদায়ন এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন সময়ে সময়ে এ বিভাগে প্রেরণ করতে হবে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের সার্বিক সহযোগিতার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর সহকারী পরিচালক জনাব প্রীতম চক্রবর্তীর (০১৬৭৩-৩৫১৬৫৪) সাথে যোগাযোগ করা যেতে পারে। **বিষয়টি অতীব জরুরী।**

(শাহ্ মোঃ সজীব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৫৫৫৭০
e-mail: admin1.section@rdcd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা;
০২. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা;
০৩. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা;
০৪. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা;
০৫. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), রংপুর/জামালপুর;
০৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), রূপনগর, মিরপুর-২, ঢাকা;
০৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন), ঢাকা;
০৮. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ/বগুড়া;
০৯. মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০;

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫. অফিস কপি।